

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

উপজেলা প্রকৌশলীর কার্যালয়

উলিপুর, কুড়িগ্রাম

www.lged.gov.bd

স্মারক নং : ৪৬.০২.৪৯৯৪.০০০.১৪.০৫৬.২৫- ৫৪৭


তারিখঃ ০২/০৩/২০২৫ খ্রিঃ

নিলাম বিজ্ঞপ্তি নং-০১/২০২৪-২৫

এতদ্বারা উলিপুর, কুড়িগ্রাম উপজেলাধীন বুড়াবুড়ি হাট এর মাল্টিপারপাস শেড (০২টি), ফিস শেড (০১টি), এইচবিবি রাস্তা গত ২৫/০২/২০২৫ ইং তারিখে অবিক্রিত থাকায় ২য় বার হিসাবে আগামী ০৫/০৩/২০২৫ ইং তারিখ দুপুর ১২:০০ ঘটিকায় উপজেলা পরিষদ হলরুমে প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে বিক্রয় করা হবে। নিলাম ডাকের জন্য অংশ গ্রহণকারী আত্মহী ব্যক্তি/নিলাম ডাককারীগণ নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত হয়ে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ডাকে অংশগ্রহণ করতে পারবেন। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন নিলাম গ্রহণ বা সকল নিলাম বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

শর্তাবলীঃ

- ০১। নিলাম ডাকের পূর্বে ২০,০০০/- (বিশ হাজার) টাকার পে-অর্ডার জামানত হিসাবে উপজেলা প্রকৌশলী, উলিপুর, কুড়িগ্রাম এর অনুকূলে জমা প্রদান করে ডাকে অংশ গ্রহণ করতে হবে এবং সাথে জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি ও TIN সার্টিফিকেটের সত্যায়িত কপি জমা দিতে হবে।
- ০২। অনুমোদিত সর্বোচ্চ নিলাম ডাককারীকে নিলাম ডাকের ০২ (দুই) দিনের মধ্যে অবশ্যই ডাকের সম্পূর্ণ টাকা জমা দিয়ে কার্যাদেশ গ্রহণ করতে হবে। কার্যাদেশ গ্রহণের ০৩ (তিন) দিনের মধ্যে ভেঙ্গে ফেলে মালামাল অপসারণ করতে হবে।
- ০৩। নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই মালামাল সতর্কতার সাথে অপসারণ করতে হবে। এ ব্যাপারে কোন সময় বর্ধিত করা যাবে না। অপসারণ করিবার সময় কোন প্রকার দুর্ঘটনা বা ক্ষয়ক্ষতি হইলে নিলাম ডাককারী দায়ী থাকিবেন।
- ০৪। নির্ধারিত সময়ের মধ্যে নিলাম ডাকের সম্পূর্ণ টাকা জমা দিতে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত বলে গণ্য হবে।
- ০৫। দরপত্র দাতাকে বিধি মোতাবেক ডাককৃত মূল্যের উপর ১৫% ভ্যাট ও ৫% আয়কর এবং ১০% জামানত জমা দিয়ে চালানের কপি অত্র দপ্তরে জমা দিতে হবে।
- ০৬। সজেমিনে (বর্তমানে যে অবস্থায় আছে) পরিদর্শন পূর্বক নিলাম ডাকে অংশ গ্রহণ করতে হবে। এ বিষয়ে পরবর্তীতে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ০৭। এতদ সংক্রান্ত সকল সরকারি নিয়মকানুন ও নীতিমালা এক্ষেত্রে প্রযোজ্য হবে।
- ০৮। পে-অর্ডার ০৫/০৩/২০২৫ খ্রিঃ তারিখ সকাল ১১:৩০ ঘটিকা পর্যন্ত নির্ধারিত স্থানে গ্রহণ করা হবে। সকাল ১১:৩০ ঘটিকার পর কোন পে-অর্ডার গ্রহণযোগ্য হবে না।


(প্রদীপ কুমার)

সদস্য সচিব নিলাম কমিটি

ও

উপজেলা প্রকৌশলী

উলিপুর, কুড়িগ্রাম

অনুলিপিঃ

- ০১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
- ০২। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কুড়িগ্রাম।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রাম।
- ০৪। অফিস নথি।